



## ‘ব্যাঙ্গডক আর্থিক প্রণোদনা (গবেষণা প্রবন্ধ/রিসার্চ আর্টিক্যাল) নীতিমালা-২০২২’



### বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যাঙ্গডক)

## ‘বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যাঙ্গডক) আর্থিক প্রণোদনা (গবেষণা প্রবন্ধ/রিসার্চ আর্টিক্যাল) নীতিমালা-২০২২’

বাংলাদেশের বিজ্ঞান ও কারিগরি শিক্ষা ও গবেষণা কার্যক্রমকে উৎসাহ প্রদান এবং বিজ্ঞান ও কারিগরি গবেষণা সংক্রান্ত প্রকাশিত প্রবন্ধসমূহ ভবিষ্যৎ গবেষক ও শিক্ষার্থীদের জন্য সংরক্ষণের লক্ষ্যে ‘বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যাঙ্গডক) কে একটি জাতীয় সংরক্ষণ কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠার উদ্দেশ্যে ‘বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যাঙ্গডক) আর্থিক প্রণোদনা (গবেষণা প্রবন্ধ/রিসার্চ আর্টিক্যাল) নীতিমালা-২০২২’ প্রণয়ন করা হল।

### ১। শিরোনাম

এই নীতিমালা ‘বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যাঙ্গডক) আর্থিক প্রণোদনা (গবেষণা প্রবন্ধ/রিসার্চ আর্টিক্যাল) নীতিমালা-২০২২’ নামে অভিহিত হবে।

### ২। লক্ষ্য ও উদ্দেশ্য

- (ক) জাতীয় পর্যায়ে বিজ্ঞান ও কারিগরি গবেষণাকে সহায়তা ও পৃষ্ঠপোষকতা প্রদান।
- (খ) দেশীয় লেখক ও গবেষকগণকে আর্থিক প্রণোদনা প্রদানের মাধ্যমে বিজ্ঞান ও কারিগরি কর্মে অধিকতর মনোনিবেশে উৎসাহ প্রদান।
- (গ) বিজ্ঞান ও কারিগরি বিষয়ে প্রকাশিত গবেষণা প্রবন্ধ/রিসার্চ আর্টিক্যাল সংগ্রহ বৃদ্ধিপূর্বক পরবর্তী গবেষণার জন্য সংরক্ষণ করা।

(ঘ) বিজ্ঞান ও কারিগরি বিষয়ে প্রকাশিত গবেষণা প্রবন্ধ/রিসার্চ আর্টিক্যাল ভবিষ্যতের জন্য সংরক্ষণের মাধ্যমে গবেষণাধর্মী সমাজ গঠনে সহায়তা প্রদান।

৩। **সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে, এই নীতিমালায় -

(ক) ‘গবেষণা’ (Research) বলতে মানুষের বুদ্ধিবৃত্তিক অনুসন্ধান প্রক্রিয়া এবং নতুন কিছু আবিষ্কারের নিমিত্ত বিজ্ঞানীদের কার্যাবলি বুঝায়। যিনি গবেষণা করেন বা গবেষণা কর্মের সঙ্গে জড়িত, তিনি গবেষক বা গবেষণাকারী নামে পরিচিত। গবেষণার মূল উদ্দেশ্য হল বাস্তবিক কোনও সমস্যার সমাধান করা।

(খ) ‘আর্থিক প্রণোদনা’ বলতে বিজ্ঞান ও কারিগরি বিষয়ে বাংলাদেশের গবেষক এবং লেখকগণ হতে বাছাই কমিটি কর্তৃক মনোনীতদের প্রণোদনার জন্য আর্থিক প্রণোদনা প্রদানকে বুঝাবে।

#### ৪। আর্থিক প্রণোদনার ক্ষেত্রসমূহ

বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে দেশীয় লেখক, গবেষক এবং গবেষণা প্রতিষ্ঠানকে আর্থিক প্রণোদনা প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত বিভাগের অধীন বিষয়সমূহ বিবেচনা করা হবে-

- (ক) চিকিৎসা বিজ্ঞান
- (খ) কৃষি বিজ্ঞান
- (গ) প্রকৌশল ও প্রযুক্তি
- (ঘ) জীববিজ্ঞান
- (ঙ) পরিবেশ বিজ্ঞান
- (চ) ভৌত বিজ্ঞান
- (ছ) শিক্ষা ও গবেষণার সাথে সংশ্লিষ্ট অন্যান্য বিভাগ

#### ৫। আর্থিক প্রণোদনা প্রাপ্তির যোগ্যতা

(ক) বাংলাদেশের নাগরিক যিনি বাংলাদেশের অভ্যন্তরে গবেষণা করেন এমন গবেষক, লেখকগণের SCOPUS index/SCI index/Web of Science etc. জার্নালে বিবেচ্য ও বিগত ৩ বছরের মধ্যে প্রকাশিত গবেষণা প্রবন্ধ/রিসার্চ আর্টিক্যাল আর্থিক প্রণোদনার প্রাপ্তির জন্য বিবেচিত হবে।

(খ) একজন লেখক বা গবেষক সকল গবেষণা প্রবন্ধ/রিসার্চ আর্টিক্যালের অনুকূলে আর্থিক প্রণোদনা প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন।

(গ) কোন লেখক বা গবেষক একক অথবা যৌথভাবে কোন অর্থবছরে আর্থিক প্রণোদনা প্রাপ্ত হলে তিনি পরবর্তী ৩ অর্থবছরের জন্য আর বিবেচিত হবেন না।

(ঘ) যৌথভাবে কোন লেখক/গবেষকগণের গবেষণা প্রবন্ধ/রিসার্চ আর্টিক্যাল অনুদান প্রাপ্তির জন্য মনোনীত হলে প্রণোদনার অর্থ সংশ্লিষ্ট লেখক/গবেষকগণের মধ্যে সমহারে বন্টনযোগ্য হবে।

(ঙ) অর্থবছরভিত্তিক এই আর্থিক প্রণোদনা প্রদান করা হবে এবং ব্যান্সডক কর্তৃপক্ষ এক অর্থবছরে সর্বোচ্চ ১৫০ টি গবেষণা প্রবন্ধ/রিসার্চ আর্টিক্যাল আর্থিক প্রণোদনা প্রদানের জন্য নির্বাচন করতে পারবেন। অর্থ-বরাদ্দপ্রাপ্তি সাপেক্ষে এ সংখ্যা পরিবর্তনযোগ্য।

#### ৬। আবেদন পদ্ধতি

(ক) ব্যান্সডক কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত ফরমে আবেদন করতে হবে।

(খ) আবেদনপত্রের সঙ্গে প্রকাশিত গবেষণা প্রবন্ধ/রিসার্চ আর্টিক্যালের সফটকপি/হার্ডকপি জমা দিতে হবে এবং আবেদনপত্রের নম্বর উল্লেখপূর্বক উক্ত গবেষণা প্রবন্ধ/রিসার্চ আর্টিক্যালের কপি নির্দেশিত ঠিকানায় অনলাইনে/অফলাইনে প্রেরণ করতে হবে।

#### ৭। আবেদন বাছাই প্রক্রিয়া

(ক) নিম্নবর্ণিত ১০ (দশ) সদস্যের কমিটি আর্থিক প্রণোদনা প্রাপ্তির জন্য উপযুক্ত গবেষণা প্রবন্ধ/রিসার্চ আর্টিক্যাল বাছাই করবেন-

(i)	মহাপরিচালক, ব্যান্সডক, ঢাকা	সভাপতি
(ii)	বিভাগভিত্তিক বিশেষজ্ঞ প্রতিনিধি (৭ জন)	সদস্য
(iii)	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিনিধি (ন্যূনতম উপসচিব পদমর্যাদার)	সদস্য
(iv)	প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, ব্যান্সডক, ঢাকা	সদস্য-সচিব

(খ) বিভাগভিত্তিক বিশেষজ্ঞ প্রতিনিধি মনোনয়নের ক্ষেত্রে মহাপরিচালক, ব্যান্সডক সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক ৭টি বিশ্ববিদ্যালয় (চিকিৎসা বিজ্ঞানের ক্ষেত্রে কলেজ) নির্বাচন করবেন এবং উক্ত বিশ্ববিদ্যালয়/কলেজের সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান ন্যূনতম একজন সহযোগী অধ্যাপক পদমর্যাদার প্রতিনিধি মনোনয়ন প্রদান করবেন।

(গ) কমিটি প্রয়োজন অনুযায়ী সদস্য কো-অপট করতে পারবেন।

(ঘ) কমিটি'র অর্ধেকের বেশি সদস্যের উপস্থিতিতে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা যাবে।

(ঙ) JCR Impact Factor/Impact Point-এর অগ্রাধিকার ভিত্তিতে গবেষণা প্রবন্ধ/রিসার্চ আর্টিক্যাল নির্বাচন করতে হবে।

#### ৮। আর্থিক প্রণোদনার পরিমাণ

সংশ্লিষ্ট কমিটি কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিটি গবেষণা প্রবন্ধ/রিসার্চ আর্টিক্যালের অনুকূলে ১০,০০০/- (দশ হাজার টাকা মাত্র) আর্থিক প্রণোদনা হিসাবে গবেষক/লেখকগণকে প্রদান করা হবে এবং তৎসহ ব্যান্সডক কর্তৃক একটি সনদপত্র প্রদান করা হবে।

৯। ব্যবহারবিধি

শিক্ষা ও গবেষণাকে সম্প্রসারণের লক্ষ্যে এই গবেষণা প্রবন্ধ/রিসার্চ আর্টিক্যাল পরবর্তী গবেষণার সুবিধার্থে ব্যবহার করা যাবে।

১০। সংরক্ষণ

এতদসংক্রান্ত উদ্ভূত যেকোন সমস্যার সমাধান এবং প্রয়োজনবোধে এই নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করার ক্ষমতা পরিচালনা বোর্ডের অনুমোদন সাপেক্ষে ব্যাপ্তডক কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

-সমাপ্ত-